বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ত্রৈমাসিক অনলাইন নিউজলেটার



# বিআরডিবি ই-বুলেটিন

এপ্রিল ২০১৬ বর্ষ ২ সংখ্যা ১

www.brdb.gov.bd

ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম...


| | |
|---|---|
| বুনিয়াদি প্রশিক্ষণার্থী বিসিএস ক্যাডার কর্মকর্তাদের বিআরডিবি'র কার্যক্রম অবহিতকরণ | ২ |
| বিআরডিবি'র ভবিষ্যৎ উন্নয়ন ধারণা-পত্র প্রণয়ন | ২ |
| অস্ট্রেলিয়ার কার্টিন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সাথে মতবিনিময় | ৩ |
| কালিয়াকৈরে সুফলভোগীদের কৃতি সন্তানদের সম্বর্ধনা প্রদান | ৩ |
| দরিদ্র মহিলাদের মোবাইল সার্ভিসিংয়ে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন | ৪ |
| বদরগঞ্জে সুফলভোগীদের মাঝে সেলাইমেশিন ও অন্যান্য সামগ্রী বিতরণ | ৪ |




## মহাপরিচালকের বার্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডে'র অনলাইন নিউজলেটার 'বিআরডিবি ই-বুলেটিনে'র এপ্রিল ২০১৬ সংখ্যা প্রকাশিত হল। এই দায়িত্বপূর্ণ কাজটি সাফল্যের সঙ্গে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

বাঙালির জাতীয় জীবনে নতুনত্বের বার্তা নিয়ে হাজির হয়েছে আরও একটি নতুন বছর। এ উপলক্ষ্যে বিআরডিবি পরিবারের সকল সদস্য, অংশীজন, সুফলভোগী ও শুভানুধ্যায়ীকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানাই।

*মোহাম্মদ আবদুল কাইয়ুম*
*মহাপরিচালক (অতিরিক্ত সচিব)*

# কৃষি উন্নয়নে বিআরডিবি'র অবদান অনস্বীকার্য

## সমবায়ী কৃষকদের ভর্তুকির চেক বিতরণ অনুষ্ঠানে এলজিআরডি মন্ত্রী



দেশের কৃষি উন্নয়নে বিআরডিবি উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন, এমপি। ৩ মার্চ ঢাকার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের বার্ষিক সাধারণ সভা এবং বিআরডিবিভুক্ত উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির (ইউসিসিএ) জন্য ১৯৯২ পূর্ববর্তী কৃষি ঋণের সুদ মওকুফজনিত ক্ষতিপূরণের চতুর্থ কিস্তির চেক বিতরণ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন। মন্ত্রী আরও বলেন আমাদের সীমিত সম্পদকে সুসংহত করে সামাজিক ও অর্থ-নৈতিক উন্নয়ন নিশ্চিত করতে কৃষক সমবায়ের কোন বিকল্প নেই। দরিদ্র মানুষের জীবিকা নির্বাহের পাশাপাশি দেশের অর্থনীতির চালিকা শক্তিকে গতিশীল রাখতে এরা অনবদ্য ভূমিকা পালন করছে। ভবিষ্যতেও এ ভূমিকা অব্যাহত থাকবে বলে মন্ত্রী আশা প্রকাশ করেন। ফেডারেশনের সভাপতি মোঃ ইসরাফিল আলম, এমপি'র সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব এম এ কাদের সরকার, বিআরডিবি'র মহাপরিচালক মোহাম্মদ আবদুল কাইয়ুম প্রমুখ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন।

১৯৯২ এর পূর্ববর্তী ৫ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণের সুদ মওকুফ করা হলেও বিআরডিবি'র ইউসিসিএভুক্ত সমবায়ী কৃষকরা সরকারের এ সুবিধা থেকে বঞ্চিত হয়। এতে বিআরডিবি'র ঋণ কার্যক্রম ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। পরবর্তীতে ১০০% আসল পরিশোধ সাপেক্ষে শুধুমাত্র সুদ মওকুফ করা হয়। সরকার ২০১২ সনে উক্ত মওকুফকৃত সুদের বিপরীতে ইউসিসিএগুলোর পাওনা সেবামূল্যের হিস্যা বাবদ ১৩৪ কোটি টাকা ভর্তুকির ঘোষণা দেয়। অনুষ্ঠানে ইউসিসিএ'র প্রতিনিধিদের হাতে ভর্তুকির চতুর্থ কিস্তির ৩৭ কোটি টাকার চেক হস্তান্তর করা হয়।

# মোহাম্মদ আবদুল কাইয়ুম বিআরডিবি'র নতুন মহাপরিচালক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব মোহাম্মদ আবদুল কাইয়ুম ৩ মার্চ বিআরডিবি'র মহাপরিচালক হিসেবে যোগদান করেছেন। যোগদানকালে বিআরডিবি'র সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী ফুলেল শুভেচ্ছায় তাঁকে বরণ করে নেন। মোহাম্মদ আবদুল কাইয়ুমের জন্ম ঢাকায়। তিনি ১৯৮২ সনে সিভিল সার্ভিসের প্রশাসন ক্যাডারে যোগ দেন। জ্ঞানানুরাগ ও পাণ্ডিত্যের জন্য প্রশাসনের সর্বত্র তাঁর বিশেষ পরিচিতি রয়েছে। তিনি সরকারি-বেসরকারি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অনারারি প্রফেসর হিসেবে নানান বিষয়ে পাঠদানও করে থাকেন। বিআরডিবি-তে যোগদানের পূর্বে তিনি ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচির জাতীয় প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত ছিলেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ত্রৈমাসিক অনলাইন নিউজলেটার

বিআরডিবি ই-বুলেটিন

এপ্রিল ২০১৬ বর্ষ ২ সংখ্যা ১

## বুনিয়াদি প্রশিক্ষণার্থী বিসিএস ক্যাডার কর্মকর্তাদের বিআরডিবি'র কার্যক্রম অবহিতকরণ



বিআরডিবি'র কার্যক্রম ও পল্লী উন্নয়ন বিষয়ে বাস্তব জ্ঞান লাভের উদ্দেশ্যে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের আটজন কর্মকর্তা মন্ত্রণালয়ে সংযুক্তির আওতায় গত ১৪ মার্চ বিআরডিবি সদরদপ্তরে আগমন করেন। তারা মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভারে ক্যাডার কর্মকর্তাদের ৬০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করছেন।

এ উপলক্ষ্যে বিআরডিবি সদরদপ্তরের সম্মেলন কক্ষে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের জন্য পাওয়ারপয়েন্ট উপস্থাপনার আয়োজন করা হয়। মহাপরিচালক মোহাম্মদ আবদুল কাইয়ুম এতে সভাপতিত্ব করেন এবং তাঁদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

বিআরডিবি সদরদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

## বিআরডিবি'র ভবিষ্যৎ উন্নয়ন ধারণাপত্র প্রণয়ন

রূপকল্প-২০৪১ বাস্তবায়নের রোডম্যাপ সংক্রান্ত বিআরডিবি'র ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা বিষয়ক ধারণাপত্র প্রণয়ন করা হয়েছে। স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদে বিআরডিবি পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচনে কি ভূমিকা পালন করবে তার একটি চিত্র এ ধারণাপত্রে অঙ্কন করা হয়েছে।

এগারো পৃষ্ঠার এ ধারণাপত্রে বিআরডিবি'র সবল ও দুর্বল দিক, সরকারের পল্লী উন্নয়ন ও দারিদ্র হ্রাস প্রচেষ্টা এবং অঙ্গীকারের সাথে বিআরডিবি'র পরিকল্পিত রূপরেখা তুলে ধরা হয়েছে। এটি বিআরডিবি ওয়েবসাইটে খসড়া আকারে প্রকাশ করা হয়েছে। এর উপর সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ করা হচ্ছে।

## ঋণসেবা সহজিকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত



বিআরডিবি'র ঋণ বিতরণ সেবা সহজিকরণের লক্ষ্যে প্রশিক্ষণ বিভাগ ও প্রোগ্রামিং শাখার উদ্যোগে বিআরডিবি'র কর্মকর্তাদের নিয়ে গত ১৮ ফেব্রুয়ারি সদরদপ্তরে এক কর্মশালার আয়োজন করা হয়। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব সরদার আবুল কালাম প্রধান অতিথি হিসেবে কর্মশালায় উপস্থিত ছিলেন। চারটি দলে বিভক্ত হয়ে অংশগ্রহণকারীবৃন্দ ঋণ বিতরণ সেবা পর্যালোচনা করেন এবং তা' সহজিকরণের বিষয়ে ৩টি প্রস্তাবনা ও ১৫টি সুপারিশ প্রণয়ন করেন।

## দিনাজপুর জেলায় শ্রেণীকৃত ব্যাংক ঋণ খেলাপিমুক্ত ঘোষণা



উপপরিচালক, দিনাজপুর-কে ধন্যবাদপত্র প্রদান করেন জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক, রংপুর

বিআরডিবি'র আওতায় সোনালী ব্যাংকের শ্রেণীকৃত ঋণ হতে দিনাজপুর জেলাকে শতভাগ মুক্ত ঘোষণা করা হয়েছে। জেলার পাঁচ উপজেলায় সোনালী ব্যাংকের শ্রেণীকৃত খেলাপি ঋণের পরিমাণ ছিল ৩৯.৫৭ লক্ষ টাকা। এর মধ্যে স্বল্পমেয়াদি শস্যঋণ ১১.৯৫ লক্ষ এবং মেয়াদি সেচযন্ত্র ঋণ ২৭.৬২ লক্ষ টাকা। শ্রেণীকৃত খেলাপি ঋণের ক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান সুদ মওকুফ সুবিধার আওতায় সম্প্রতি এ ঋণ পরিশোধ করা হয়। দিনাজপুরের উপপরিচালক মোঃ সহিদুর রহমান সুমন জানান, এ ঋণ পরিশোধের ফলে জেলার ৯৫টি সমবায় সমিতির আটশ ৩১ জন কৃষক সর্বমোট ১২৭.৪৩ লক্ষ টাকা সুদ মওকুফ সুবিধা লাভ করেছেন। ব্যাংক মাধ্যমে বিআরডিবি'র অন্যান্য ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

## জলবায়ু ঝুঁকি মোকাবেলায় গুরুদাসপুরে সুফলভোগীদের মাঝে চারা বিতরণ



জলবায়ু ঝুঁকি মোকাবেলায় নাটোরের গুরুদাসপুরে সুফলভোগীদের মাঝে নামমাত্র মুল্যে গাছের চারা বিতরণ কার্যক্রম ব্যাপকভাবে প্রসংশিত হচ্ছে। গুরুদাসপুর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউআরডিও) মোঃ হাসানুজ্জামান জানান, বনবিভাগ থেকে নির্ধারিত পাঁচ টাকা হারে চারা ক্রয় করে এনে একই মূল্যে তা' ঋণগ্রহীতা সদস্যদের মাঝে বিতরণ করা হচ্ছে। উচ্চ ফলনশীল থাই-পেয়ারা, জলপাই, বহেরা, অর্জুন প্রভৃতি ফলজ ও ওষুধি চারার প্রতি সদস্যদের আগ্রহ বেশি।

এক প্রশ্নের জবাবে ইউআরডিও জানান, তিনি নিজ উদ্যোগেই এ কাজ শুরু করেছেন। ইউসিসিএ সভাপতি সাজাহান আলী ও ইউএনও ইয়াসমিন আক্তার এ কাজে উৎসাহ জুগিয়েছেন। তবে শুরুটা কঠিন ছিল। তাদেরকে নিয়মিত মোটিভেশন করতে হয়েছে। এখন তারা নিজ থেকেই চারা নিতে আগ্রহ প্রকাশ করে। বিআরডিবি'র কর্মকর্তা ও মাঠকর্মী সমিতি পরিদর্শনকালে চারা গাছের খোঁজ-খবর নেন। এভাবে এলাকায় এক ধরনের উদ্দীপনার সৃষ্টি হয়েছে। সমিতির মহিলা সদস্যরা যখন চারা হাতে দল বেঁধে গ্রামে ফেরে সবাই জানতে চায় কোত্থেকে তারা এ চারা পেল! এভাবে বিআরডিবি'র প্রচারণার কাজটাও সাধারণ সদস্যরাই করে দিচ্ছে। হাসানুজ্জামান জানান, ২০১৫ সনের তিন মাসে তিনি ২৭৮ জন সদস্যকে চারা বিতরণ করেছেন। সারা বছর তাদের এ কার্যক্রম চলবে।

## বিআরডিটিআই-এ এআরডিওদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স শুরু





বিআরডিটিআই'র সাথে ভিডিও কনফারেন্সে মহাপরিচালক

বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের (এআরডিও) দু'মাসের বুনিয়াদি প্রশিক্ষণ বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিআরডিটিআই), সিলেটে শুরু হয়েছে। মহাপরিচালক মোহাম্মদ আবদুল কাইয়ুম গত ৩ এপ্রিল সদরদপ্তর থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন। এ সময় বিআরডিবি সদরদপ্তরে উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং সিলেটে বিআরডিটিআই'র পরিচালক এম এ নেছার হোসেন আজাদ ও অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ কোর্সে ৩২ জন কর্মকর্তা অংশ নিচ্ছেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ত্রৈমাসিক অনলাইন নিউজলেটার
বিআরডিবি ই-বুলেটিন
এপ্রিল ২০১৬ বর্ষ ২ সংখ্যা ১

## পাবনার উপপরিচালককে গাড়ির চাবি হস্তান্তর



দাপ্তরিক কার্যক্রমে অধিকতর গতিশীলতা নিশ্চিত করতে পাবনার উপপরিচালক মোঃ জিল্লুর রহমানকে গাড়ি প্রদান করা হয়েছে। গত ৩ এপ্রিল সদরদপ্তরে এক অনাড়ম্বর অনুষ্ঠানে মহাপরিচালক মোহাম্মদ আবদুল কাইয়ুম পাবনার উপপরিচালকের হাতে গাড়ির চাবি তুলে দেন। এ সময় মহাপরিচালক বলেন, বিআরডিবি'র সকল জেলায় উপপরিচালকের গাড়ি থাকা প্রয়োজন। গাড়ি ব্যতীত গ্রাম পর্যায়ে বাস্তবায়নাধীন বিআরডিবি'র বহুমুখী কার্যক্রম যথাযথভাবে তদারকি করা সম্ভব নয়। তিনি ক্রমান্বয়ে সকল জেলায় গাড়ির ব্যবস্থা করার আশ্বাস দেন।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত



বিআরডিবি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) উপর দু'দিনের কর্মশালা সদরদপ্তরে অনুষ্ঠিত হয়েছে। মহাপরিচালক মোহাম্মদ আবদুল কাইয়ুম কর্মশালায় সভাপতিত্ব করেন। বিআরডিবি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ এ কর্মশালায় অংশ নেন।

কর্মশালার প্রথম দিন ১২ এপ্রিল বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার কৌশল ও সিটিজেন চার্টার পর্যালোচনা করা হয়। দ্বিতীয় দিন ১৮ এপ্রিল কর্মসম্পাদন চুক্তির আওতায় বিআরডিবি ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, মূল্যায়ন সূচক প্রভৃতি বিষয়ে উন্মুক্ত আলোচনা হয়।

কর্মশালায় প্রাপ্ত মতামত ও সুপারিশের ভিত্তিতে বিআরডিবি'র ভিশন ও মিশন পুনর্গঠন এবং কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন অংশ আপডেট করা হয়েছে। এছাড়া সিটিজেন চার্টারের খসড়া ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

## অস্ট্রেলিয়ার কার্টিন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সাথে মতবিনিময় সভা



অস্ট্রেলিয়ার কার্টিন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সাথে এক মতবিনিময় সভা ৬ এপ্রিল বিআরডিবি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। প্রতিনিধি দলে বিশ্বদ্যিালয়ের সাসটেইন্যাবিলিটি পলিসি ইনস্টিটিউটের (সিইউএসপি) প্রফেসর ডোরা মারিনোভা, প্রফেসর মোঃ আমজাদ হোসেন, প্রোগ্রাম কোঅর্ডিনেটর আসিফ ইকবাল সিদ্দিক, ফ্যাকাল্টি অব হিউম্যানিটিজের ইন্টারন্যাশনাল ডীন ড. আনা পারকিন প্রমুখ উপস্থিত ছিলেন।

এসডিজি'র গোল ও টার্গেট অর্জনে স্বল্পন্নোত দেশসমূহের কার্যক্রম নিয়ে কার্টিন বিশ্ববিদ্যালয়ের চলমান গবেষণাকর্মের আওতায় বিআরডিবি'র সাথে প্রতিনিধি দলের এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বিআরডিবি'র মহাপরিচালক মোহাম্মদ আবদুল কাইয়ুম এতে সভাপতিত্ব করেন। সভায় সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল অর্জনে (এসডিজি) বিআরডিবি'র কার্যক্রম ও অগ্রগতি নিয়ে একটি পাওয়ারপয়েন্ট উপস্থাপন করা হয়।

উন্মুক্ত আলোচনা পর্বে মহাপরিচালক প্রতিনিধি দলের বিভিন্ন প্রশ্নের ব্যাখা দেন। প্রতিনিধি দলের সদস্যরা এসডিজি অর্জনে বিআরডিবি'র বহুমুখী কার্যক্রমের প্রশংসা করেন। বিআরডিবি'র ভবিষ্যৎ কর্মপরিকল্পনার আওতায় 'দারিদ্রমুক্ত ইউনিয়ন' গঠনের বিষয়ে তারা আগ্রহ প্রকাশ করেন এবং দারিদ্র বিমোচনে অধিকতর গবেষণাকর্ম সম্পাদনে এগিয়ে আসার আহ্বান জানান।

## কালিয়াকৈরে সুফলভোগীদের কৃতি সন্তানদের সম্বর্ধনা প্রদান



পিএসসি ও জেএসসি পরীক্ষায় গোল্ডেন জিপিএ অর্জনের পুরস্কার স্বরূপ গাজীপুরের কালিয়াকৈরে সুফলভোগীদের কৃতি সন্তানদের সম্বর্ধনা দেয়া হয়েছে। এ উপলক্ষ্যে ইউসিসিএ সহসভাপতি আবুল কাসেমের সভাপতিত্বে উপজেলা পরিষদে আয়োজিত এক অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ সানোয়ার হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মোঃ আব্দুস সাত্তার।

## বালিয়াকান্দিতে ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি: মৎস্যচাষে চায়না রাণীর সাফল্য

প্রোডাকশন এন্ড এমপ্লয়মেন্ট প্রোজেক্ট (পিইপি) বৃহত্তর ফরিদপুর অঞ্চলে দারিদ্র বিমোচন ও ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। রাজবাড়ির পশ্চিম বালিয়াকান্দি গ্রামের চায়না রানী বিশ্বাস পিইপি'র সৃষ্ট অসংখ্য উদ্যোক্তার একজন।

পিইপি'র সাথে চায়নার যাত্রা শুরু এক যুগ আগে। স্বামীর নির্দিষ্ট আয়ের সংস্থান ছিল না। দিনে দু'বেলা খাবার জুটতো না ঠিকমত। এ অবস্থায় ২০০৩ সনে তিনি পশ্চিম বালিয়াকান্দি আমতলা মাঝিপাড়া মহিলা বিত্তহীন দলের সদস্য হন। চায়না জানান, শুরুতে তাকে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়। এতে তিনি আত্মবিশ্বাস ফিরে পান। এরপর দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ নেন। ঐ সময় ৫ হাজার টাকা ঋণ



নিয়ে হাঁস-মুরগী পালন শুরু করেন। এরপর আর পিছনে ফিরে তাকাতে হয়নি তাকে। বর্তমানে ক্ষুদ্র উদ্যোক্তা খাতে তিনি একলক্ষ টাকা ঋণ নিয়ে চারটি পুকুরে মাছ চাষ করছেন। তিনি পিইপি'র একজন গ্রাজুয়েট সদস্য। ভবিষ্যতে তিনি মাছের হ্যাচারি করার পরিকল্পনা করছেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ত্রৈমাসিক অনলাইন নিউজলেটার

# বিআরডিবি ই-বুলেটিন

এপ্রিল ২০১৬ বর্ষ ২ সংখ্যা ১




**যোগাযোগঃ**

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

ফোন : ০২-৮১৮০০১৮
মোবাইল : ০১৭১১ ৯৮০৪১১
ফ্যাক্স : ০২-৮১৮০০০৩
Email : ddprc@brdb.gov.bd
Web : www.brdb.gov.bd

## দরিদ্র মহিলাদের মোবাইল সার্ভিসিংয়ে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন



'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত কর্মসংস্থান সহায়তা প্রকল্পে'র আওতায় সুফলভোগীদের মোবাইল রিপেয়ারিং ও সার্ভিসিং বিষয়ে মাসব্যাপী প্রশিক্ষণ কোর্স গত ১০ এপ্রিল সম্পন্ন হয়েছে। বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স (বাপার্ড), কোটালিপাড়া, গোপালগঞ্জে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে খুলনা ও বরিশাল বিভাগের বিভিন্ন উপজেলার ৪০ জন দরিদ্র মহিলা অংশগ্রহণ করেন। বিআরডিবি'র পরিচালক (অর্থ) মোঃ মশিউর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ ও সামগ্রী বিতরণ করেন। মোবাইল রিপেয়ারিং ও সার্ভিসিংয়ে আইজিএ শুরু করার জন্য প্রত্যেককে একটি করে হট-এয়ারগান, পাওয়ার সাপ্লাই, টেবিল ল্যাম্প, এভোমিটার ও অন্যান্য সামগ্রীসহ টুল কীট বক্স প্রদান করা হয়।

## বদরগঞ্জে সুফলভোগীদের মাঝে সেলাইমেশিন ও অন্যান্য সামগ্রী বিতরণ



উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচির আওতায় রংপুরের বদরগঞ্জ উপজেলার ৪৮ জন দরিদ্র মহিলাকে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ শেষে সেলাইমেশিনসহ অন্যান্য সামগ্রী প্রদান করা হয়েছে। ৫ জানুয়ারি প্রকল্প পরিচালক মোঃ রফিকুল ইসলাম সুফলভোগীদের হাতে এসব সামগ্রী তুলে দেন।

সেলাই, শতরঞ্জি, নকশীকাঁথা ও এমব্রয়ডারি ট্রেডে চারটি ব্যাচে ৬০ কর্মদিবসব্যাপী এ প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়। প্রশিক্ষণ শেষে আইজিএ শুরুর জন্য সহায়তাস্বরূপ সেলাই ও এমব্রয়ডারি ট্রেডে ২৪ জনকে ২৪টি সেলাইমেশিন এবং শতরঞ্জি ও নকশীকাঁথা ট্রেডে অপর ২৪ জনকে প্রয়োজনীয় কাঁচামালসহ নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়।

প্রকল্পের আওতায় রংপুর বিভাগের দরিদ্র, সংখ্যালঘু, বিধবা ও স্বামী পরিত্যাক্তাদের আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র দূরিকরণে নিয়মিতভাবে প্রশিক্ষণ এবং প্রশিক্ষণোত্তর সম্পদ সহায়তা প্রদান করা হচ্ছে।

## খোকসায় ঋণ বিতরণে জেলা প্রশাসক



জেলা প্রশাসক কর্তৃক কুষ্টিয়ার খোকসা উপজেলায় বিআরডিবি'র সুফলভোগী দরিদ্র মহিলাদের ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। গত ১৮ জানুয়ারি উপজেলা পল্লীভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জেলা প্রশাসক সৈয়দ বেলাল হোসেন পল্লী প্রগতি প্রকল্পের আওতায় দক্ষিণ একতারপুর পশ্চিমপাড়া মহিলা দলের ৩০ জন সদস্যের হাতে ঋণের চেক তুলে দেন। এ সময় খোকসা উপজেলা নির্বাহী অফিসার রেবেকা খান, ইউআরডিও মোঃ ইয়ারুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

খোকসা উপজেলায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন ৮টি প্রকল্পের আওতায় কৃষক, বিত্তহীন ও মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য চলতি অর্থবছরে ৪ কোটি ৪ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ প্রতিবেদন লিখা পর্যন্ত বিতরণ করা হয়েছে ৩ কোটি ৩ লক্ষ ৮৯ হাজার টাকা।

মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর পক্ষে উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়), পল্লীভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত
ফোন: ০২-৮১৮০০০২, ০২-৮১৮০০১৮, ফ্যাক্স: ০২-৮১৮০০০৩, Email: dg@brdb.gov.bd, ddprc@brdb.gov.bd, Web: www.brdb.gov.bd